

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর-১৪-আইন/২০২৩।—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ভর্তুকি সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের ভোক্তা পর্যায়ের মূল্যহার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পুনর্নির্ধারণ করিল, যথা:—

ক্রমিক নম্বর	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)
(১)	(২)	(৩)
১।	বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র)	১৪.০০
২।	ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র)	৩০.০০

(১০৭১)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)
৩।	সার	১৬.০০
৪।	শিল্প:	
	(ক) বৃহৎ	৩০.০০
	(খ) মাঝারি	৩০.০০
	(গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য	৩০.০০
৫।	চা-শিল্প (চা-বাগান)	১১.৯৩
৬।	বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য)	৩০.৫০
৭।	*সিএনজি	৪৩.০০
৮।	গৃহস্থালি:	
	(ক) মিটারভিত্তিক বার্নার	১৮.০০
	(খ) মিটারবিহীন সিঙ্গেল বার্নার (টাকা/মাস)	৯৯০.০০
	(গ) মিটারবিহীন ডাবল বার্নার (টাকা/মাস)	১,০৮০.০০

*প্রতি ঘনমিটার সিএনজি মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্যহার ৩৫.০০ টাকা ও অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত।

শর্ত:—

গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণি, যথা: বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র), ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র), সার, শিল্প, চা-শিল্প (চা-বাগান), বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য) এবং সিএনজি এর ক্ষেত্রে প্রতি ঘনমিটারে (মাসিক অনুমোদিত লোডের বিপরীতে) ০.১০ টাকা হারে ডিম্যান্ড চার্জ প্রযোজ্য হইবে, তবে বিদ্যুৎ গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো বিদ্যুৎ কেন্দ্রে এবং সার গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো সার কারখানায় কোনো মাসে গ্যাস সরবরাহকারী/বিতরণ কোম্পানী কর্তৃক ১৫ (পনেরো) দিন বা তাহার বেশি গ্যাস সরবরাহ বন্ধ রাখা হইলে উক্ত গ্রাহকের ক্ষেত্রে উক্ত মাসে ডিম্যান্ড চার্জ প্রযোজ্য হইবে না।

২। এই প্রজ্ঞাপনের কোনো বিধানের ব্যাখ্যা আথবা কোনো গ্রাহকশ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হইলে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করিতে হইবে এবং এইক্ষেত্রে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৩। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক ৪ জুন, ২০২২ তারিখে ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.২২.২৫২৩ নং স্মারকমূলে জারীকৃত বিজ্ঞপ্তি এতদ্বারা রহিত করা হইলো এবং রহিতকৃত বিজ্ঞপ্তির অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৪। দফা-৩ এর অধীন উক্ত বিজ্ঞপ্তি রহিতকরণ সত্ত্বেও, উক্ত রহিতকৃত বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক জারীকৃত অন্যান্য আদেশসমূহ, সরকার কর্তৃক পরিবর্তন, সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

৫। এই প্রজ্ঞাপনের অধীন প্রাকৃতিক গ্যাসের ভোক্তা পর্যায়ে গ্যাসের পুনর্নির্ধারিত মূল্যহার বিল মাস ফেব্রুয়ারি, ২০২৩ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন

উপসচিব।